

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৬, ২০২০

[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
প্রজ্ঞাপন

তারিখ : ২০ আষাঢ় ১৪২৭/০৪ জুলাই ২০২০

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৫.২০-১৯২।—জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ এবং ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ১৭.০০.০০০০.০৩৪. ৩৬.০০১.২০-৯১ নং প্রজ্ঞাপনের মাধ্যমে সময়সূচি জারি করা হয়। দেশে করোনা সংক্রমণ দুর্বিপাকজনিত কারণে ২১ মার্চ ২০২০ তারিখে প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪. ৩৬.০০১.২০-১৭৫ এর মাধ্যমে উল্লিখিত শূন্য আসনের নির্বাচনের তারিখ পরবর্তীতে যথাসময়ে ঘোষণা করিবার শর্তে জারীকৃত সময়সূচির প্রজ্ঞাপন স্থগিত করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) এর শর্তানুসারে জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ শূন্য আসনের নির্বাচন ১৫ জুলাই ২০২০ তারিখের মধ্যে এবং ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন ১৮ জুলাই ২০২০ তারিখের মধ্যে অনুষ্ঠানের সাংবিধানিক বাধ্যবাধকতা থাকায় ১৪ জুলাই ২০২০ তারিখ ভোটগ্রহণের জন্য দিন ধার্য করিয়া নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

মোঃ আলমগীর
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৬৭৭৩)

মূল্য : টাকা ৪.০০